



একাদশ শ্রেণিতে ভর্তি (শিক্ষাবর্ষ : ২০১৯-২০২০) সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ: ২৪/০৬/২০১৯ খ্রি.

এতদ্বারা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হরগঙ্গা কলেজের বিভিন্ন শাখায় ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তির কার্যক্রম সম্পাদন করতে হবে।

১। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ২৭/০৬/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০১৯ তারিখ এর মধ্যে সরকারি হরগঙ্গা কলেজের ওয়েব সাইট www.eshiksabd.com/haraganga—এ গিয়ে অনলাইন ভর্তি ফরম পূরণ করতে হবে।

অনলাইনভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-


- সরকারি হরগঙ্গা কলেজের ওয়েব সাইটে গিয়ে Admission মেনু হতে Online Apply বাটন ক্লিক করতে হবে।
- User Name: haragangastudent
Password: haragangastudent
- Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- Click for New Admission বাটন ক্লিক করতে হবে।
- Select Department এবং Enter SSC Roll (6 Digit) ঘর দুটি পূর্ণ করে Check for Admission বাটন ক্লিক করলে ভর্তি ফরম Open হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করলে প্রক্রিয়াটি সম্পন্ন হবে।
- ভর্তি ফরম অনলাইন হতে প্রিন্ট করতে হবে।

২। ভর্তি ফরম উত্তোলনের পর কলেজ থেকে টাকা জমার রশিদ নিয়ে পূবালী ব্যাংক লি., মুন্সীগঞ্জ শাখায় নির্ধারিত ভর্তি ফি জমা প্রদান করা যাবে। ভর্তি ফি: বিজ্ঞান: ২১৬২/-, মানবিক (ভূগোলসহ): ২১৬২/-, মানবিক (ভূগোল ব্যতিত): ২০৪২/-, ব্যবসায় শিক্ষা (ভূগোল সহ): ২১৬২, ব্যবসায় শিক্ষা (ভূগোল ব্যতিত): ২০৪২/- টাকা।

৩। ব্যাংকে টাকা জমা দেওয়ার পর শিক্ষার্থী কপি সংগ্রহ করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র সহ ২৭/০৬/২০১৯ তারিখ হতে ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে কলেজে ভর্তি কমিটির কাছে জমা দিতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

- ক) অন-লাইনে পূরণকৃত ভর্তি আবেদন ফরমের প্রিন্ট কপি।
- খ) ব্যাংকে টাকা জমা দেওয়া রশিদ।
- গ) মাধ্যমিক/সমমান পাশের মূল ট্রান্সক্রিপ্ট এবং প্রশংসা পত্র।
- ঘ) প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের ফটোকপি ও মূল ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ২টি করে।
- ঙ) ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- চ) অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১কপি।
- ছ) পাঠবিরতি সনদ, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান হলে(মুক্তিযোদ্ধা কমান্ডারের সম্পর্কেও প্রত্যয়নপত্র), শিক্ষা কোটার প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)


অধ্যক্ষ ২৪-০৬-১৯

সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সীগঞ্জ।

প্রফেসর মোঃ আব্দুল হাই তালুকদার
অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ
আইডি নং-৩৩৬